FE The Financial Express

# DCCI seeks cuts in corporate taxes

FE REPORT

The Dhaka Chamber of Commerce and Industry (DCCI) has demanded cuts in corporate tax rates in phases in the next three fiscal years (FYs) to encourage investment.

In a budget proposal for FY 2020-21, it said reductions in corporate tax rates would help capital formation, reinvestment and expansion of businesses.



Pre- budget FY21 Parley

DCCI president Shams Mahmud, accompanied by DCCI senior vice-president NKA Mobin, submitted their proposals to the National Board of Revenue (NBR) member (income tax policy) Md Alamgir Hossain on Wednesday.

The chamber body suggested cuts in taxes by 5.0 per cent, 7.0 per cent and 10 per cent respectively in FY '21, FY '22 and FY '23 for corporate entities.

Currently, corporate income tax rate is 25 per cent for companies listed with stock market and 35 per cent for non-listed companies.

It is 37.5 per cent for banks, insurance and non-bank financial institutions listed with stock market, 40 per cent for non-listed banks, insurance, NBFIs and listed mobile operators.

The corporate tax rate is currently 45 per cent for non-listed mobile companies.

The DCCI leaders also proposed raising the tax-free threshold for individual taxpayers in the upcoming budget, considering the higher cost of living and a declining trend in people's purchasing power.

According to the chamber body, point-to-point inflation increased by 22.59 per cent since FY '16.

They said the tax-free income ceiling for individual taxpayers should be raised to Tk 0.3 million from the current Tk 0.25 million.

The tax-free limit remained unchanged since FY '16.

DCCI leaders also suggested introduction of a new slab of the income tax rate at 5.0 per cent from the current 10 per cent to encourage people to pay tax.

DCCI president Shams Mahmud proposed

Continued to page 7 Col. 1

that the NBR implement a fully automated and digitised income tax return submission system.

The digitised system would reduce hassles and attract more taxpayers to file their returns, he added.

Mr Mahmud sought VAT rebate facility for traders who pay VAT at different rates other than 15 per cent.

He said this VAT system, without rebate off paid VAT at different rates, might fuel inflation.

As per the new VAT and Supplementary Duty Act-2012, businesses can only enjoy VAT rebate by paying 15 per cent VAT.

Other businesses paying VAT at different rates, 5.0 per cent, 7.5 per cent and 10 per cent, are not entitled to this benefit.

Mr Mahmud also suggested the NBR increase the turnover limit for small and medium entrepreneurs to Tk 40 million from the existing Tk 30 million.

He sought tax exemption facility for the import substitute backward-linkage industry in power sector.

For this, the DCCI chief demanded tax waiver for local manufacturers of substation machineries and other related accessories.

The DCCI pleaded with the revenue board to prepare the budget taking into consideration the impact of the coronavirus pandemic.

It also sought a 10-per cent cut in tax on the income of corporate dividend from the existing 20 per cent.

The chamber body has demanded withdrawal of advance tax on the import of raw materials and machinery used in manufacturing industries.

*doulot_akter@yahoo.com*

The Daily Star

# DCCI wants cuts in corporate tax

## *The chamber places its budget proposals to NBR*

Star Business Desk

The Dhaka Chamber of Commerce and Industry in its budget proposal for the next fiscal year has called upon the revenue authority to slash corporate tax.

The National Board of Revenue should bring down the corporate tax from fiscal 2020-21, 2021-22 and 2022-23 at a progressive rate of 5 per cent, 7 per cent and 10 per cent respectively, the chamber's President Shams Mahmud said.

He also requested the NBR to cut the tax rate on income of corporate dividend from 20 per cent to 10 per cent, according to a statement.

The chamber placed the budget proposals to the NBR yesterday. Md Alamgir Hossain, member for tax policy of the NBR, received the proposals on behalf of NBR chairman. NKA Mobin, senior vice president of the DCCI, was also present.

Mahmud urged the NBR to increase the limit of income tax return for individual from existing Tk 2.5 lakh to Tk 3 lakh and reduce the least tax return rate to 5 per cent which is now 10 per cent.

Besides, the DCCI president recommended implementing the fully automated and online tax return submission system to attract more taxpayers.

At present those who pay VAT return at a rate of 15 per cent can enjoy tax rebate, but Mahmud requested the NBR to allow the same facility to those who pay VAT return at a rate of 5 per cent, 7.5 per cent and 10 per cent as well.

There is no specific definition of "material" both in the VAT Act 2012 and VAT Law 2016. The definition of material should be included in these act and policy, he said.

He also suggested withdrawal of all advance tax imposed on raw materials and machineries used in the manufacturing-led industries in order to encourage export oriented manufacturing and export diversification.

Mahmud also wanted the turnover limit for small and medium entrepreneurs to be increased from existing Tk 3 crore to Tk 4 crore. Rebate-less VAT implementation may fuel inflation, he said.

"One of the basic rules of VAT calculation is to fix the VAT rate as per the ratio of value addition of the product."

The private sector should get the chance to participate in the transmission and distribution of power across the country, he said.

Special tax exemption facility on local manufacturing of sub-station machineries and other related accessories should be allowed in order to facilitate import substitute backward linkage industry in the power sector.

He finally requested the NBR to keep the effects of the coronavirus outbreak in consideration while formulating the upcoming budget to bring out the best of instrumental policies and revenue management for inclusive growth.

TRUE & IMPARTIAL
daily sun

# DCCI proposes NBR to slash corporate tax rates in next budget

STAFF CORRESPONDENT

**Dhaka Chamber of Commerce** and Industry (DCCI) has proposed to slash corporate tax and cut tax rate on income of corporate dividend in the upcoming budget for 2020-21.

DCCI President Shams Mahmud placed the budget proposals to National Board of Revenue (NBR) on Wednesday.

NBR Member (Tax Policy) Md. Alamgir Hossain received the proposals on behalf of NBR Chairman.

In its budget proposal, DCCI proposed to slash corporate tax at a progressive rate of 5 percent, 7 percent and 10 percent respectively and cut tax rate on corporate income dividend from 20 percent to 10 percent.

DCCI also recommended implementing fully automated and digitized online based tax return submission system to attract more tax payers.

At present those who pay VAT return at a rate of 15 percent can enjoy tax rebate. In this regard, DCCI requested to allow the same facility to them who pay VAT return at a rate of 5 percent, 7.5 percent and 10 percent as well.

In the budget proposal, DCCI president Shams Mahmud requested to withdraw all Advance Tax imposed on raw materials and machineries used in the manufacturing-led industries in order to encourage export oriented manufacturing and export diversification.

DCCI president demanded to increase the turnover limit for SME entrepreneurs from existing Tk 3 crore to Tk 4 crore.

Rebate less VAT implementation may fuel the inflation, said Shams Mahmud adding that one of the basic rules of VAT calculation is to fix the VAT rate as per the ratio of value addition of the product, he added.

Private sector should get the chance to participate in the transmission and distribution of power across the country, He said.

He also demanded to allow special tax exemption facility on local manufacturing of sub-station machineries and other related accessories in order to facilitate import substitute backward linkage industry in the power sector.

THE ASIAN AGE
your access to information

# DCCI places budget proposals to NBR

AA Business Desk

Dhaka Chamber of Commerce and Industry (DCCI) President Shams Mahmud on Wednesday placed the chamber's budget proposals for the year 2020-21 to the National Board of Revenue (NBR). NBR Member (Tax Policy) Md Alamgir Hossain received the proposals on behalf of the NBR chairman, said a press release, reports BSS.

DCCI Senior Vice President NKA Mobin was present on the occasion.

Shams Mahmud recommended to slash corporate tax from 2020-21, 2021-22 and 2022-23 at a progressive rate of 5 percent, 7 percent and 10 percent respectively.

He also requested to cut tax rate on income of corporate dividend from 20 percent to 10 percent.

The New Nation
Independent Daily

# DCCI places budget proposal to NBR for FY'21

Economic Reporter

Dhaka Chamber of Commerce & Industry (DCCI) on Wednesday placed its budget proposals for the fiscal year 2020-21 to the National Board of Revenue (NBR).

In the proposal, DCCI President Shams Mahmud recommended to slash Corporate Tax at a progressive rate of 5.0 per cent, 7.0 per cent and 10 per cent from 2020-21, 2021-22 and 2022-23, respectively.

NBR member (Tax Policy) Md Alamgir Hossain received these proposals on behalf of the NBR Chairman.

DCCI Senior Vice President N KA Mobin, FCA, FCS was present at the time.

The DCCI president also requested to cut tax rate on income of corporate dividend from 20 per cent to 10 per cent.

Shams Mahmud also requested to increase the limit of income tax return for individual from existing Tk 250,000 to Tk 300,000 and to reduce least tax return rate to 5.0 per cent which is now 10 per cent.

Besides, the DCCI President recommended implementing fully automated and digitised online based tax return submission system to attract more tax payers.

At present those who pay VAT return at a rate of 15 per cent can enjoy tax rebate. But he made a request to allow the same facility to them who pay VAT return at a rate of 5.0 per cent, 7.5 per cent and 10 per cent as well.

Mahmud said there is no specific definition of 'Material' both in the VAT Act 2012 and VAT Law 2016. He thus requested to include the definition of Material in these Act and Policy.

He also requested to withdraw all Advance Tax imposed on raw materials and machineries used in the manufacturing-led industries in order to encourage export- oriented manufacturing and export diversification.

Private sector should get the chance to participate in the transmission and distribution of power across the country. He said. He also requested to allow special tax exemption facility on local manufacturing of sub-station machineries and other related accessories in order to facilitate import substitute backward linkage industry in the power sector.

Shams Mahmud finally requested NBR to formulate the upcoming budget in consideration with the present Corona Virus pandemic over the world so that government, mass people, private sector and all key stakeholders can get the best of instrumental policies and revenue management of the government for an inclusive growth.

অসংকোচ প্রকাশের দুরন্ত সাহস
সমকাল

# করপোরেট কর কমানোর প্রস্তাব ঢাকা চেম্বারের

**■ সমকাল প্রতিবেদক**

আগামী অর্থবছরে (২০২০-২১) সব স্তরে করপোরেট কর ৫ শতাংশ কমানোর সুপারিশ করেছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি। পরের দুটি অর্থবছরে ৭ এবং ১০ শতাংশ হারে কমানোর প্রস্তাব করেছে ব্যবসায়ী সংগঠনটি। বর্তমানে শেয়ারবাজারে থাকা কোম্পানির ২৫ শতাংশ এবং শেয়ারবাজারে ৩৫ শতাংশ হারে কর রয়েছে। এর বাইরে ব্যাংক, মোবাইল ফোন, সিগারেট কোম্পানির আলাদা আলাদা হারে করপোরেট কর রয়েছে।




## এনবিআরের সঙ্গে আলোচনা

গতকাল বুধবার জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) সদস্য (করনীতি) আলমগীর হোসেনের কাছে ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ তাদের বাজেট প্রস্তাবনা পেশ করেন। চেম্বারের ঊর্ধ্বতন সহসভাপতি এনকেএ মবিন, এফসিএ, এফসিএস এবং জাতীয় রাজস্ব বোর্ডের ঊর্ধ্বতন কর্মকর্তারা এ সময় উপস্থিত ছিলেন। ডিসিসিআইর এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

ঢাকা চেম্বার করপোরেট ডিভিডেন্ডের আয়ের ওপর ২০ শতাংশের পরিবর্তে ১০ শতাংশ কর নির্ধারণের প্রস্তাব করেছে যাতে করে করপোরেট ট্যাক্স পুনর্বিনিয়োগ করা হলে নতুন কর্মসংস্থান সৃষ্টিসহ কর আহরণের নতুন উৎস সৃষ্টি হবে। ২০২০-২১ অর্থবছরের জন্য ব্যক্তি শ্রেণির করদাতার করমুক্ত আয়ের সীমা আড়াই লাখ টাকা থেকে বাড়িয়ে তিন লাখ টাকা এবং ব্যক্তি শ্রেণির আয়কর সর্বনিম্ন হার ১০ শতাংশ থেকে ৫ শতাংশে নামানোর প্রস্তাব করেছে। মূল্যস্ফীতির হার ও বর্ধনশীল জীবনযাপনের ব্যয় বিবেচনায় রেখে করমুক্ত আয়সীমা বাড়ানো প্রয়োজন।

ঢাকা চেম্বারের সভাপতি কর প্রক্রিয়া সহজ করা ও করের আওতা বাড়ানোর জন্য সম্পূর্ণ অটোমেটেড অনলাইন ট্যাক্স রিটার্ন জমা দেওয়ার ব্যবস্থা করার প্রস্তাব করেন, যার ফলে দেশের কর প্রদান ব্যবস্থা সহজ হবে এবং ব্যবসার পরিবেশ সূচক উন্নয়নে কার্যকর ভূমিকা রাখবে। তিনি ১৫% হারে ভ্যাট দিলে কর রেয়াত নেওয়ার সুযোগ প্রদানের পরিবর্তে ৫%, ৭.৫%, ১০% অথবা যে কোনো হারে ভ্যাট দিলে কর রেয়াতের সুযোগ দেওয়ারও প্রস্তাব করেন। শিল্পায়নের ধারাকে বেগবান করতে রপ্তানিমুখী শিল্পপণ্য উৎপাদন বাড়াতে ও রপ্তানি বহুমুখীকরণ উৎসাহিত করতে শিল্পপণ্য উৎপাদনে সব প্রকার কাঁচামাল ও মেশিনারিজের ওপর অগ্রিম কর প্রত্যাহারের প্রস্তাব করেন।

দৈনিক
ইত্তেফাক
প্রতিষ্ঠাতা তফাজ্জল হোসেন মানিক মিয়া

# বাজেটে করোনার ক্ষতি মোকাবিলায় উদ্যোগ চায় ডিসিসিআই

## আসছে বাজেট ২০২০-২১

■ ইত্তেফাক রিপোর্ট

করোনা ভাইরাসের থাবায় বিশ্ব অর্থনীতির ওলট-পালট অবস্থা। এ পরিস্থিতি মোকাবিলার পাশাপাশি বিশ্বব্যাপী বিভিন্ন দেশ অর্থনীতি ও শিল্পোদ্যোক্তাদের রক্ষায় বিভিন্ন উদ্যোগও নিচ্ছে। এর ফলে দেশের অর্থনীতির অবস্থাও টালমাটাল। আগামী জুনের শুরুতে সরকার পরবর্তী ২০২০-২১ অর্থবছরের বাজেট উপস্থাপন করতে যাচ্ছে। এ পরিস্থিতিতে ব্যবসায়ী নেতারা করোনা ভাইরাসে ক্ষতির বিষয়টি মাথায় রেখে বাজেট প্রণয়নের দাবি জানিয়েছে। বাজেট প্রস্তাবে ব্যবসায়ীদের প্রভাবশালী সংগঠন ঢাকা চেম্বারও বাজেটে করোনা ভাইরাসের ক্ষতি থেকে উত্তরণের প্রতিফলন চেয়েছে। ঢাকা চেম্বারের পক্ষ থেকে বলা হয়, বিশ্বব্যাপী ছড়িয়ে পড়া করনা ভাইরাসের কারণে উদ্ভূত পরিস্থিতিকে বিবেচনায় নিয়ে বাজেট প্রণয়ন করা দরকার। যাতে সরকার, সাধারণ জনগণ এবং বেসরকারি খাত এ অবস্থা উত্তরণে সহায়ক নীতিমালা ও রাজস্ব ব্যবস্থাপনার সুফল পেতে পারে। গতকাল বুধবার রাজধানীর সেগুনবাগিচায় জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) সদস্য আলমগীর হোসেনের কাছে ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ সংগঠনের পক্ষ থেকে এ প্রস্তাব তুলে দেন।

ডিসিসিআইর প্রস্তাবে ব্যক্তি করদাতাদের করমুক্ত আয়সীমা বিদ্যমান দুই লাখ ৫০ হাজার টাকা থেকে বাড়িয়ে ৩ লাখ টাকা করার প্রস্তাব দেওয়া হয়েছে। একই সঙ্গে ব্যক্তি করদাতাদের সর্বনিম্ন করহার ১০ শতাংশ হতে কমিয়ে ৫ শতাংশ করার আহ্বান জানানো হয়। মূলত মূল্যস্ফীতি বিবেচনায় এ সিদ্ধান্ত নেওয়ার কথা বলা হয়। এছাড়া করপোরেট করহার আগামী তিন বছরে ১০ শতাংশ কমানোর দাবিও জানানো হয়। এ লক্ষ্যে প্রথম বছর ৫ শতাংশ এবং পরবর্তী দুই বছরে আরো ৫ শতাংশ কমানোর কথা বলা হয়।

এছাড়া কর পক্রিয়া সহজীকরণ ও করের আওতা বৃদ্ধির জন্য সম্পূর্ণ অটোমেটেড অনলাইন ব্যবস্থায় আয়কর বিবরণী (রিটার্ন) জমা দেওয়ার ব্যবস্থা করার প্রস্তাব করেন। বহুল আলোচিত ভ্যাট আইন গত জুলাই থেকে কার্যকর হয়েছে। নতুন আইনে ১৫ শতাংশের বাইরে কম হারে প্রদান করা ভ্যাটের ক্ষেত্রে রেয়াত নেওয়ার সুযোগ নেই। এতে আপত্তি জানিয়েছে ডিসিসিআই। সংগঠনের পক্ষ থেকে বলা হয়, ৫ শতাংশ, ৭ দশমিক ৫ শতাংশ ও ১০ শতাংশ বা যে কোনো হারে ভ্যাট প্রদান করলে কর রেয়াতের সুযোগ থাকা উচিত। শিল্পায়নের ধারাকে বেগবান করার জন্য রপ্তানিমুখী শিল্পপণ্য উৎপাদন বাড়াতে ও রপ্তানিবহুমুখীকরণকে উৎসাহিত করতে শিল্পপণ্য উৎপাদনে সব প্রকার কাঁচামাল ও মেশিনারিজের ওপর অগ্রিম কর (অ্যাডভান্স ট্যাক্স বা এটি) প্রত্যাহার এবং তৈরি পোশাক খাতের ডিজাইন এবং ডামি সেন্টার, স্যাম্পল, ইটিপি, জ্বালানি দক্ষতা এবং পরিবেশবান্ধব পণ্য ও সেবার ওপর ভ্যাট অব্যাহতির দাবিও জানানো হয়।

এছাড়া এসএমই উদ্যোক্তাদের জন্য টার্নওভার ট্যাক্সের (বার্ষিক বিক্রি) সীমা বিদ্যমান ৩ কোটি টাকা থেকে বাড়িয়ে ৪ কোটি টাকা করা, পণ্যের মূল্য সংযোজন বা মুনাফা অনুপাতে ৪ শতাংশ ভ্যাট আরোপসহ বেশকিছু দাবি তুলে ধরা হয়।

বণিক বার্তা
সমৃদ্ধির সহযাত্রী

প্রাক-বাজেট আলোচনা

# করপোরেট করহার হ্রাসের প্রস্তাব ডিসিসিআইয়ের

নিজস্ব প্রতিবেদক ■

সব স্তর থেকে করপোরেট করহার পর্যায়ক্রমে হ্রাস করার প্রস্তাব দিয়েছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। এছাড়া করপোরেট ডিভিডেন্ডের আয়ের ওপর ২০ শতাংশের পরিবর্তে ১০ শতাংশ হারে কর নির্ধারণ করার প্রস্তাব দিয়েছে সংগঠনটি। গতকাল ২০২০-২১ অর্থবছরের বাজেট নিয়ে জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) চলমান প্রাক-বাজেট আলোচনায় এসব প্রস্তাব দেয়া হয়।

এনবিআরের কাছে ডিসিসিআইয়ের প্রস্তাব তুলে ধরেন সংগঠনটির সভাপতি শামস মাহমুদ। তিনি মোট ১১টি প্রস্তাব তুলে ধরেন। এ সময় এনবিআরের সদস্য (করনীতি) আলমগীর হোসেন, ডিসিসিআইয়ের সহসভাপতি এনকেএ মবিন প্রমুখ উপস্থিত ছিলেন।

প্রস্তাবে বলা হয়, প্রগ্রেসিভ হারে সব স্তর থেকে করপোরেট করহার ২০২০-২১, ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থবছরে পর্যায়ক্রমে ৫, ৭ ও ১০ শতাংশ হারে হ্রাস করা এবং করপোরেট ডিভিডেন্ডের আয়ের ওপর ২০ শতাংশের পরিবর্তে ১০ শতাংশে নির্ধারণ করা দরকার। হ্রাসকৃত করপোরেট কর পুনর্বিনিয়োগ করা হলে নতুন কর্মসংস্থান সৃষ্টিসহ কর আহরণের নতুন উৎস সৃষ্টি হবে।

২০২০-২১ অর্থবছরের জন্য ব্যক্তি শ্রেণীর করমুক্ত আয়ের সীমা আড়াই লাখ থেকে তিন লাখ টাকা এবং আয়করের সর্বনিম্ন হার ১০ শতাংশ থেকে ৫ শতাংশে হ্রাস করার প্রস্তাব দিয়েছে ডিসিসিআই। এর কারণ হিসেবে সংগঠনটি বলছে, বর্তমান মূল্যস্ফীতির হার ও জীবনযাত্রার বর্ধনশীল ব্যয় বিবেচনায় রেখে করমুক্ত আয়সীমা বাড়ানো প্রয়োজন।

> ২০২০-২১ অর্থবছরের জন্য ব্যক্তিশ্রেণীর করমুক্ত আয়ের সীমা আড়াই-তিন লাখ টাকা এবং আয়করের সর্বনিম্ন হার ১০ থেকে ৫ শতাংশে কমানোর প্রস্তাব দিয়েছে ডিসিসিআই




ডিসিসিআই সভাপতি কর প্রক্রিয়া সহজীকরণ ও করের আওতা বৃদ্ধির জন্য সম্পূর্ণ অটোমেটেড অনলাইন ট্যাক্স রিটার্ন জমা দেয়ার ব্যবস্থা করার প্রস্তাব করেন। তার মতে, এসব উদ্যোগ নেয়ার ফলে কর প্রদান ব্যবস্থা সহজ হবে এবং ব্যবসার পরিবেশ সূচক উন্নয়নে কার্যকরী ভূমিকা রাখবে।

শামস মাহমুদ এনবিআরের কাছে ১৫ শতাংশ হারে ভ্যাট দিলে কর রেয়াতের সুবিধা দেয়ার পরিবর্তে ৫, ৭.৫ ও ১০ শতাংশ অথবা যেকোনো হারে ভ্যাট দিলেই এ সুযোগ দেয়ার প্রস্তাব করেন। তিনি শিল্পায়নের ধারাকে বেগবান করার জন্য রফতানিমুখী শিল্পপণ্য উৎপাদন বাড়াতে ও রফতানি বহুমুখীকরণে উৎসাহিত করতে শিল্পপণ্য উৎপাদনে সব ধরনের কাঁচামাল ও মেশিনারিজের ওপরও অগ্রিম কর প্রত্যাহারের প্রস্তাব করেন। এছাড়া তিনি তৈরি পোশাক খাতের ডিজাইন এবং ডামি সেন্টার, স্যাম্পল, ইটিপি, জ্বালানি দক্ষতা এবং পরিবেশবান্ধব পণ্য ও সেবার ওপর ভ্যাট অব্যাহতি প্রদানের প্রস্তাব করেন।

এসএমই উদ্যোক্তাদের জন্য বার্ষিক টার্নওভারের লিমিট ৩ কোটি টাকা থেকে বাড়িয়ে ৪ কোটি টাকা নির্ধারণ এবং পণ্যের ভ্যালু এডিশন বা মুনাফা অনুপাতে ৪ শতাংশ হারে ভ্যাট আরোপের প্রস্তাব দিয়েছে ডিসিসিআই। সংগঠনটি বিদ্যুতের সঞ্চালন ও বিতরণের আওতা এবং মান বৃদ্ধি করতে বেসরকারি খাতের অংশগ্রহণের সুযোগ দেয়া এবং বিদ্যুৎ খাতের আমদানি বিকল্প ব্যাকওয়ার্ড লিংকেজ শিল্পকে উৎসাহিত করতে বেসরকারি খাতকে সাব-স্টেশন যন্ত্রপাতি এবং অন্যান্য অ্যাকসেসরিজ উৎপাদনে কর অবকাশ সুবিধা দেয়ারও প্রস্তাব করেছে।

ডিসিসিআই সভাপতি এনবিআরকে আগামী অর্থবছরের বাজেট প্রণয়নে বিশ্বব্যাপী নভেল করোনাভাইরাস ছড়িয়ে পড়ার কারণে উদ্ভূত পরিস্থিতিকে বিবেচনায় রাখার আহ্বান জানিয়েছেন, যেন সরকার-সাধারণ জনগণ এবং বেসরকারি খাত এ অবস্থা উত্তরণে সহায়ক নীতিমালা ও রাজস্ব ব্যবস্থাপনার সুফল পেতে পারে।

শামস মাহমুদ বলেন, একটি ইতিবাচক বাজেটের সফলতা নির্ভর করে সংশ্লিষ্ট খাতে যথাযথ বরাদ্দ প্রদানের পাশাপাশি নির্ধারিত সময়ে তার বাস্তবায়ন কৌশলের ওপর। গত কয়েক বছর বেসরকারি বিনিয়োগ-জিডিপির অনুপাত ২২-২৩ শতাংশের মধ্যে স্থির রয়েছে। কস্ট অব ডুয়িং বিজনেস ও অপর্যাপ্ত অবকাঠামোর কারণে বাংলাদেশে কাঙ্ক্ষিত হারে বিদেশী বিনিয়োগ বাড়ছে না।

তিনি বলেন, এসব চ্যালেঞ্জ মোকাবেলার পাশাপাশি ব্যবসাবান্ধব রাজস্ব ব্যবস্থা প্রণয়নে করপোরেট কর হার হ্রাস, ট্যাক্স ও ভ্যাট রিটার্ন ব্যবস্থা সম্পূর্ণ অনলাইনকরণ, ঋণ প্রবাহ বৃদ্ধি ও বেসরকারি খাতের উন্নয়নে জাতীয় বাজেটে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। তাই দেশের ব্যবসা, আর্থসামাজিক অবস্থা ও বিনিয়োগের পরিবেশ উন্নয়নে আমরা বেশকিছু প্রস্তাব দিয়েছি। আশা করি, এনবিআর বিষয়গুলো গুরুত্বের সঙ্গে বিবেচনা করবে।

আমরা জনগণের পক্ষে
বাংলাদেশ প্রতিদিন

# করমুক্ত আয়সীমা বাড়িয়ে তিন লাখ টাকা করার প্রস্তাব

নিজস্ব প্রতিবেদক

আগামী ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় বাজেটে ব্যক্তি শ্রেণির করদাতাদের করমুক্ত আয়সীমা আড়াই লাখ থেকে বাড়িয়ে তিন লাখ টাকা নির্ধারণের প্রস্তাব করেছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি–ডিসিসিআই। সংগঠনটি বলেছে, বর্তমান মুদ্রাস্ফীতির হার ও বর্ধনশীল জীবনযাপনের ব্যয় বিবেচনায় রেখে করমুক্ত আয়সীমা বাড়ানো প্রয়োজন। এর সঙ্গে ব্যক্তি-শ্রেণির আয়কর সর্বনিম্ন হার ১০ শতাংশ থেকে কমিয়ে ৫ শতাংশ নির্ধারণ করতে বলেছে ডিসিসিআই। গতকাল সেগুনবাগিচার রাজস্ব ভবনে জাতীয় রাজস্ব বোর্ড–এনবিআর সদস্য (করনীতি) মো. আলমগীর হোসেনের কাছে দেওয়া বাজেট প্রস্তাবে এসব কথা বলেন ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ। তিনি বলেন, বিশ্বব্যাপী ছড়িয়ে পড়া করনাভাইরাসের কারণে উদ্ভূত পরিস্থিতিকে বিবেচনায় নিয়ে, আগামী বাজেট প্রণয়ন করতে হবে।

আমাদের অর্থনীতি

# [১] কর মুক্ত আয়ের সীমা আড়াই লাখ থেকে বাড়িয়ে ৩ লাখ টাকা করার দাবি ডিসিসিআইয়ের

মো. আখতারুজ্জামান : [২] ব্যক্তি শ্রেণির আয়কর সর্বনিম্ন হার ১০ শতাংশ থেকে ৫ শতাংশ এ হ্রাস করার প্রস্তাব করেন। কারণ হিসেবে বলা হয়, বর্তমান মূদ্রাস্ফীতির হার ও বর্ধনশীল জীবনযাপনের ব্যয় বিবেচনায় রেখে করমুক্ত আয়সীমা বাড়ানো প্রয়োজন।

[৩] বুধবার ঢাকা চেম্বার ২০২০-২১ অর্থবছরের জাতীয় বাজেটের জন্য জাতীয় রাজস্ব বোর্ডের কাছে এ প্রস্তাব পেশ করেছে ডিসিসিআইর সভাপতি শামস মাহমুদ।

[৪] ঢাকা চেম্বারের সভাপতি সম্পূর্ণ অটোমেটেড অনলাইন ট্যাক্স রিটার্ন জমা দেয়ার ব্যবস্থা করার প্রস্তাব করেন। [৫] তিনি বলেন, ১৫ শতাংশ হারে ভ্যাট প্রদান করলে কর রেয়াত নেওয়ার সুযোগ প্রদানের পরিবর্তে ৫ শতাংশ, ৭.৫ শতাংশ, ১০ শতাংশ অথবা যে কোন হারে ভ্যাট নেয়ার দাবি করেন। [৬] ব্যবসায়ী এ নেতা শিল্পপণ্য উৎপাদনে সব প্রকার কাঁচামাল ও মেশিনারিজের উপর অগ্রিম কর প্রত্যাহারের প্রস্তাব করেন। পাশাপাশি তৈরি পোশাক খাতের ডিজাইন, ডামি সেন্টার, স্যাম্পল, ইটিপি, জ্বালানি দক্ষতা এবং পরিবেশবান্ধব পণ্য ও সেবার উপর ভ্যাট অব্যাহতি প্রদানের প্রস্তাবও করেন।

[৭] এছাড়াও এসএমই উদ্যোক্তাদের জন্য বার্ষিক টার্নওভারের লিমিট ৩ কোটি টাকা থেকে বাড়িয়ে ৪ কোটি টাকা নির্ধারণ করার প্রস্তাব করছি এবং পণ্যের ভ্যালু অ্যাডিশন বা মুনাফা অনুপাতে ৪ শতাংশ ভ্যাট আরোপের প্রস্তাব করেন। সম্পাদনা : রেজাউল

প্রচার সংখ্যায় সর্বশীর্ষে দৈনিক
জনকণ্ঠ
স্বাতন্ত্র্য ও নিরপেক্ষতায় সচেষ্ট The daily janakantha

# ঢাকা চেম্বারের ২০২০- ২১ অর্থবছরের ১১ বাজেট প্রস্তাব

**অর্থনৈতিক রিপোর্টার ॥** ২০২০-২১ অর্থবছরের বাজেটে অন্তর্ভুক্তির জন্য ঢাকা চেম্বার অব কমার্স এ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) প্রস্তাবনাসমূহ জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) সদস্য (করনীতি) আলমগীর হোসেনের কাছে পেশ করেন ডিসিসিআইর সভাপতি শামস মাহমুদ।

২৫ মার্চ ঢাকা চেম্বার ২০২০-২১ অর্থবছরের জাতীয় বাজেটের জন্য জাতীয় রাজস্ব বোর্ডের কাছে মোট ১১টি প্রস্তাব পেশ করেছে। ডিসিসিআই উর্ধতন সহ-সভাপতি এন কে এ মবিন এবং জাতীয় রাজস্ব বোর্ডের উর্ধতন কর্মকর্তাবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন।

ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ প্রগেসিভ হারে সকল স্তর থেকে কর্পোরেট কর হার আগামী ২০২০-২১, ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থবছরে পর্যায়ক্রমে ৫ শতাংশ, ৭ শতাংশ ও ১০ শতাংশ হারে হ্রাস করা, কর্পোরেট ডিভিডেন্ডের আয়ের ওপর ২০ শতাংশের পরিবর্তে ১০ শতাংশ কর নির্ধারণ করার প্রস্তাব করেন, যাতে করে হ্রাসকৃত কর্পোরেট ট্যাক্স পুনঃবিনিয়োগ করা হলে, নতুন কর্মসংস্থান সৃষ্টিসহ কর আহরণের নতুন উৎস সৃষ্টি হবে। ২০২০-২১ অর্থবছরের জন্য ব্যক্তি শ্রেণীর করদাতার কর মুক্ত আয়ের সীমা ২,৫০,০০০ টাকা হতে বাড়িয়ে ৩,০০,০০০ টাকা এবং ব্যক্তিশ্রেণীর আয়কর সর্বনিম্ন হার ১০ শতাংশ থেকে ৫ শতাংশে হ্রাস করার প্রস্তাব করেন, কারণ বর্তমান মুদ্রাস্ফীতির হার ও বর্ধনশীল জীবনযাপনের ব্যয় বিবেচনায় রেখে করমুক্ত আয়সীমা বাড়ানো প্রয়োজন।

ঢাকা চেম্বারের সভাপতি কর প্রক্রিয়া সহজীকরণ ও করের আওতা বৃদ্ধির জন্য সম্পূর্ণ অটোমেটেড অনলাইন ট্যাক্স রিটার্ন জমা দেয়ার ব্যবস্থা করার প্রস্তাব করেন, যার ফলে দেশের কর প্রদান ব্যবস্থা সহজ হবে এবং ব্যবসার পরিবেশ সূচক উন্নয়নে এটি কার্যকরী ভূমিকা রাখবে। ডিসিসিআইর সভাপতি, ১৫ শতাংশ হারে ভ্যাট প্রদান করলে কর রেয়াত নেয়ার সুযোগ প্রদানের পরিবর্তে ৫ শতাংশ, ৭.৫ শতাংশ, ১০ শতাংশ অথবা যে কোন হারে ভ্যাট প্রদান করলে কর রেয়াতের সুযোগ প্রদানেরও প্রস্তাব করেন।

শিল্পায়নের ধারাকে বেগবান করার জন্য রফতানিমুখী শিল্পপণ্য উৎপাদন বাড়াতে ও রফতানিবহুমুখীকরণকে উৎসাহিত করতে শিল্পপণ্য উৎপাদনে সকল প্রকার কাঁচামাল ও মেশিনারিজর ওপর অগ্রিম কর প্রত্যাহারের প্রস্তাব করেন পাশাপাশি তৈরি পোশাক খাতের ডিজাইন এবং ডামি সেন্টার, স্যাম্পল, ইটিপি, জ্বালানি দক্ষতা এবং পরিবেশবান্ধব পণ্য ও সেবার ওপর ভ্যাট অব্যাহতি প্রদানের প্রস্তাব করেন।

এছাড়াও এসএমই উদ্যোক্তাদের জন্য বার্ষিক টার্নওভারের লিমিট ৩ কোটি টাকা থেকে বাড়িয়ে ৪ কোটি টাকা নির্ধারণ করার প্রস্তাব করছি এবং পণ্যের ভ্যালু এডিশন বা মুনাফা অনুপাতে ৪ শতাংশ ভ্যাট আরোপের প্রস্তাব করেন। বিদ্যুতের সঞ্চালন ও বিতরণের আওতা এবং মান বৃদ্ধি করতে সঞ্চালন ও বিতরণ- এ বেসরকারী খাতের অংশগ্রহণের সুযোগ প্রদান এবং বিদ্যুত খাতের আমদানি বিকল্প ব্যাকওয়ার্ড লিংকেজ শিল্পসমূহকে উৎসাহিত করতে বেসরকারী খাতকে সাব-স্টেশন যন্ত্রপাতি এবং অন্যান্য এ্যাকসেসরিজ উৎপাদনে কর অবকাশ সুবিধা দেয়ার প্রস্তাব করেন।

একই সাথে বিশ্বব্যাপী ছড়িয়ে পড়া করনাভাইরাসের কারণে উদ্ভূত পরিস্থিতিকে বিবেচনায় নিয়ে, জাতীয় রাজস্ব বোর্ডকে এ বছরের বাজেট প্রণয়নের আহ্বান জানান, যাতে করে সরকার, সাধারণ জনগন এবং বেসরকারী খাত এ অবস্থা উত্তরণে সহায়ক নীতিমালা ও রাজস্ব ব্যবস্থাপনার সুফল পেতে পারে।

কালের কণ্ঠ

বাজেট প্রস্তাব

# ঢাকা চেম্বারের ১১ দাবি

নিজস্ব প্রতিবেদক ▷

আসন্ন ২০২০-২১ অর্থবছরের বাজেটে অন্তর্ভুক্তির জন্য করপোরেট কর কমানোসহ ১১টি প্রস্তাব দিয়েছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। একই সঙ্গে বিশ্বব্যাপী ছড়িয়ে পড়া করোনাভাইরাসের কারণে উদ্ভূত পরিস্থিতিকে বিবেচনায় নিয়ে জাতীয় রাজস্ব বোর্ডকে এ বছরের বাজেট প্রণয়নের আহ্বান জানান। গতকাল বুধবার জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) সদস্য (করনীতি) মো. আলমগীর হোসেনের কাছে এ প্রস্তাব পেশ করেন ডিসিসিআইয়ের সভাপতি শামস মাহমুদ।

তিনি প্রগ্রেসিভ হারে সব স্তর থেকে করপোরেট করহার আগামী ২০২০-২১, ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থবছরে পর্যায়ক্রমে ৫%, ৭% ও ১০% হারে হ্রাস করা, করপোরেট ডিভিডেন্ডের আয়ের ওপর ২০% এর পরিবর্তে ১০% কর নির্ধারণ করাসহ ১১টি প্রস্তাব তুলে ধরেন।

NEW AGE
THE OUTSPOKEN DAILY

FY21 PRE-BUDGET MEETING

# DCCI seeks hike in tax-free income limit

**Staff Correspondent**

THE Dhaka Chamber of Commerce and Industry on Wednesday demanded an increase in the tax-free income limit for individual taxpayers in the upcoming national budget for the fiscal year 2020-2021 and a gradual reduction in corporate income tax over the next three fiscal years.

The DCCI made the demand in its budget proposal for FY21 placed before the National Board of Revenue on the day.

DCCI president Shams Mahmud handed over the proposals to NBR member (income tax policy) Md Alamgir Hossain.

DCCI senior vice-president NKA Mobin was also present on the occasion.

The chamber said that the tax-free ceiling on the incomes of individual taxpayers should be raised to Tk 3 lakh from the current Tk 2.5 lakh-ceiling, which has remained unchanged since FY2015-2016.

Cost of living has increased significantly while the purchasing power of consumers has declined over the years as point-to-point inflation has risen by 22.59 per cent since FY2016, it said.

The trade body also recommended that the NBR should introduce a new lowest slab of income tax rate at 5 per cent from the current 10 per cent rate to encourage people to pay taxes.

The chamber also recommended that corporate tax for all corporate bodies should be reduced gradually by 5 per cent, 7 per cent and 10 per cent in FY21, FY22 and FY23 respectively.

The existing corporate income tax rate is 25 per cent for companies listed on the stock markets, 35 per cent for non-listed companies, 37.5 per cent for banks, insurance and non-banks financial institutions listed on the stock markets, 40 per cent for non-listed banks, insurance, NBFIs and listed mobile operators and 45 per cent for non-listed mobile companies.

The DCCI argued that the reduction in the corporate tax would facilitate capital formation, reinvestment and expansion of businesses.

The trade body also requested the revenue board to slash the tax rate on incomes of corporate dividends to 10 per cent from the existing 20 per cent.

Withdrawal of advance tax imposed on raw materials and machinery used in manufacturing industries is required to encourage export-oriented manufacturing and export diversification, it said.

During the meeting with the NBR, Shams Mahmud sought the implementation

Continued on B2 Col. 1

Continued from B1

of a fully automated and digitised income tax returns submission system to reduce the taxpayers' hassle and attract more taxpayers to file tax returns.

The Dhaka Chamber also demanded a VAT rebate facility for traders who paid VAT at different rates, instead of at 15 per cent.

Mahmud said that a VAT system that without any provision for rebates might fuel inflation.

According to the existing Value-Added Tax and Supplementary Duty Act-2012, traders who file VAT returns at the 15-per cent VAT rate enjoy rebate facility while those who file VAT returns at 5 per cent, 7.5 per cent and 10 per cent VAT rates do not get the benefit.

Under the VAT system, traders do not pay VAT but rather collect the indirect tax from consumers and deposit the sum to the government exchequer.

The trade body also asked for a specific definition of 'material' to be included in the VAT and SD Act-2012 and VAT and SD Rules-2016 as the act and the rules currently did not contain a definition of the term.

Mahmud also requested the revenue board to increase the turnover limit for small and medium-entrepreneurs to Tk 4 crore from the current limit of Tk 3 crore.

He also sought a special tax exemption facility for local manufacturing of sub-station machineries and other related accessories in order to facilitate the import substitute backward linkage industry in the power sector.

The DCCI requested the NBR to take the current coronavirus pandemic into consideration while formulating the upcoming budget so that the government, mass people, the private sector and all other stakeholders can get the best instrumental policies.

প্রকাশনার ৬৯ বছর
সংবাদ
বাংলাদেশের মুখপত্র

## বাজেট ২০২০-২০২১

# করপোরেট কর কমানোর প্রস্তাব ডিসিসিআই'র

**অর্থনৈতিক বার্তা পরিবেশক**

আসন্ন ২০২০-২০২১ অর্থবছরের বাজেটে কর্পোরেট কর হার ও করপোরেট ডিভিডেন্ডের আয়ের ওপর কর কমানোর প্রস্তাব করেছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। এছাড়া ব্যক্তি শ্রেণীর করদাতার করমুক্ত আয়ের সীমা দুই লাখ ৫০ হাজার টাকা থেকে বাড়িয়ে তিন লাখ টাকা করার পরামর্শ দেয়া হয়।

গতকাল আসন্ন ২০২০-২০২১ অর্থবছরের বাজেটে অন্তর্ভুক্তির জন্য ঢাকা ডিসিসিআই'র প্রস্তাবনাসমূহ জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)-এর সদস্য (করনীতি) মো. আলমগীর হোসেনের কাছে পেশ করেন ডিসিসিআই'র সভাপতি শামস মাহমুদ।

ঢাকা চেম্বার ২০২০-২১ অর্থবছরের জাতীয় বাজেটের জন্য জাতীয় রাজস্ব বোর্ডের কাছে মোট ১১টি প্রস্তাব পেশ করেছে। ডিসিসিআই উর্ধ্বতন সহসভাপতি এনকেএ মবিন, এফসিএ, এফসিএস এবং জাতীয় রাজস্ব বোর্ডের উর্ধ্বতন কর্মকর্তারা এ সময় উপস্থিত ছিলেন। ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ প্রগেসিভ হারে সব স্তর থেকে কর্পোরেট কর হার আগামী ২০২০-২১, ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থবছরে পর্যায়ক্রমে ৫ শতাংশ, ৭ শতাংশ ও ১০ শতাংশ হারে হ্রাস করা, কর্পোরেট ডিভিডেন্ডের আয়ের ওপর ২০ শতাংশের পরিবর্তে ১০ শতাংশ কর নির্ধারণ করার প্রস্তাব করেন। হ্রাসকৃত কর্পোরেট ট্যাক্স পুনঃবিনিয়োগ করা হলে নতুন কর্মসংস্থান সৃষ্টিসহ কর আহরণের নতুন উৎস সৃষ্টি হবে। ২০২০-২১ অর্থবছরের জন্য ব্যক্তি শ্রেণীর করদাতার করমুক্ত আয়ের সীমা দুই লাখ ৫০ হাজার টাকা হতে বাড়িয়ে তিন লাখ টাকা এবং ব্যক্তিশ্রেণীর আয়কর সর্বনিম্ন হার ১০ শতাংশ থেকে ৫ শতাংশে হ্রাস করার প্রস্তাব করেন। বর্তমান মুদ্রাস্ফীতির হার ও বর্ধনশীল জীবনযাপনের ব্যয় বিবেচনায় রেখে করমুক্ত আয়সীমা বাড়ানো প্রয়োজন।

ঢাকা চেম্বারের সভাপতি কর পক্রিয়া সহজীকরণ ও করের আওতা বৃদ্ধির জন্য সম্পূর্ণ অটোমেটেড অনলাইন ট্যাক্স রিটার্ন জমা দেয়ার ব্যবস্থা করার প্রস্তাব করেন, যার ফলে দেশের কর প্রদান ব্যবস্থা সহজ হবে এবং ব্যবসার পরিবেশ সূচক উন্নয়নে এটি কার্যকরী ভূমিকা রাখবে।

ডিসিসিআই'র সভাপতি, ১৫ শতাংশ হারে ভ্যাট প্রদান করলে কর রেয়াত নেয়ার সুযোগ প্রদানের পরিবর্তে ৫ শতাংশ, ৭.৫ শতাংশ, ১০ শতাংশ অথবা যেকোন হারে ভ্যাট প্রদান করলে কর রেয়াতের সুযোগ প্রদানেরও প্রস্তাব করেন। শিল্পায়নের ধারাকে বেগবান করার জন্য রপ্তানিমুখী শিল্পপণ্য উৎপাদন বাড়াতে ও রপ্তানি বহুমুখীকরণকে উৎসাহিত করতে শিল্পপণ্য উৎপাদনে সব ধরনের কাঁচামাল ও মেশিনারিজের ওপর অগ্রিম কর প্রত্যাহারের প্রস্তাব করেন পাশাপাশি তৈরি পোশাক খাতের ডিজাইন এবং ডামি সেন্টার, স্যাম্পল, ইটিপি, জ্বালানি দক্ষতা এবং পরিবেশবান্ধব পণ্য ও সেবার ওপর ভ্যাট অব্যাহতি প্রদানের প্রস্তাব করেন।

এছাড়াও এসএমই উদ্যোক্তাদের জন্য বার্ষিক টার্নওভারের লিমিট ৩ কোটি টাকা থেকে বাড়িয়ে ৪ কোটি টাকা নির্ধারণ, পণ্যের ভ্যালু এডিশন বা মুনাফা অনুপাতে ৪ শতাংশ ভ্যাট আরোপের প্রস্তাব করেন। বিদ্যুতের সঞ্চালন ও বিতরণের আওতা এবং মান বৃদ্ধি করতে সঞ্চালন ও বিতরণে বেসরকারি খাতের অংশগ্রহণের সুযোগ প্রদান এবং বিদ্যুৎ খাতের আমদানি বিকল্প ব্যাকওয়ার্ড লিংকেজ শিল্পসমূহকে উৎসাহিত করতে বেসরকারি খাতকে সাব-স্টেশন যন্ত্রপাতি এবং অন্য অ্যাকসেসরিজ উৎপাদনে কর অবকাশ সুবিধা দেয়ার প্রস্তাব করেন। একই সঙ্গে বিশ্বব্যাপী ছড়িয়ে পড়া করনাভাইরাসের কারণে উদ্ভূত পরিস্থিতিকে বিবেচনায় নিয়ে, জাতীয় রাজস্ব বোর্ডকে এ বছরের বাজেট প্রণয়নের আহ্বান জানান, যাতে করে সরকার, সাধারণ জনগণ এবং বেসরকারিখাত এ অবস্থা উত্তরণে সহায়ক নীতিমালা ও রাজস্ব ব্যবস্থাপনার সুফল পেতে পারে।

The Daily Share Biz
শেয়ার বিজ
সৃজনের পথে উন্নত স্বদেশ

# ব্যক্তি শ্রেণি ও করপোরেট কমানোর প্রস্তাব ডিসিসিআই'র

**নিজস্ব প্রতিবেদক**

আসন্ন ২০২০-২১ অর্থবছরের বাজেটে ব্যক্তি শ্রেণির ও করপোরেট করহার কমানোর প্রস্তাব দিয়েছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। একই সঙ্গে মূল্য সংযোজন কর (মূসক) বা ভ্যাটের হারও কমানোর প্রস্তাব দিয়েছে সংগঠনটি। গতকাল জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) সদস্য (করনীতি) মো. আলমগীর হোসেনের কাছে প্রস্তাব পেশ করেন ডিসিসিআইয়ের সভাপতি শামস মাহমুদ।

আসন্ন বাজেটকে কেন্দ্র করে এনবিআরে ১১টি প্রস্তাব দিয়েছে ডিসিসিআই। ডিসিসিআই ঊর্ধ্বতন সহসভাপতি এনকে এ মবিন ও এনবিআরের ঊর্ধ্বতন কর্মকর্তারা এ সময় উপস্থিত ছিলেন।

ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ প্রগতিশীল হারে সব স্তর থেকে করপোরেট করহার আগামী ২০২০-২১, ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থবছরে পর্যায়ক্রমে পাঁচ শতাংশ, সাত শতাংশ ও ১০ শতাংশ হারে হ্রাস করা, করপোরেট ডিভিডেন্ডের আয়ের ওপর ২০ শতাংশের পরিবর্তে ১০ শতাংশ কর নির্ধারণ করার প্রস্তাব করেন। যাতে করে হ্রাসকৃত করপোরেট কর পুনঃবিনিয়োগ করা হলে নতুন কর্মসংস্থান সৃষ্টিসহ কর আহরণের নতুন উৎস সৃষ্টি হবে। ২০২০-২১ অর্থবছরের জন্য ব্যক্তি শ্রেণির করদাতার কর মুক্ত আয়ের সীমা আড়াই লাখ টাকা থেকে বাড়িয়ে তিন লাখ টাকা এবং ব্যক্তি শ্রেণির আয়কর সর্বনিম্ন হার ১০ শতাংশ থেকে কমিয়ে থেকে পাঁচ শতাংশ নির্ধারণের প্রস্তাব করেন ডিসিসিআই সভাপতি, কারণ বর্তমান মূল্যস্ফীতির হার ও বর্ধনশীল জীবনযাপনের ব্যয় বিবেচনায় রেখে করমুক্ত আয়সীমা বাড়ানো প্রয়োজন।

ঢাকা চেম্বারের সভাপতি কর পক্রিয়া সহজীকরণ ও করের আওতা বৃদ্ধির জন্য সম্পূর্ণ অটোমেটেড অনলাইন ট্যাক্স রিটার্ন জমা দেওয়ার ব্যবস্থা করার প্রস্তাব করেন, ফলে দেশের কর প্রদান ব্যবস্থা সহজ হবে এবং ব্যবসার পরিবেশ সূচক উন্নয়নে এটি কার্যকরী ভূমিকা রাখবে। বর্তমানে ১৫ শতাংশ হারে ভ্যাট দিলে রেয়াত নেওয়ার সুযোগ আছে। এর পরিবর্তে পাঁচ শতাংশ, সাড়ে সাত শতাংশ, ১০ শতাংশ অথবা যে কোনো হারে ভ্যাট দিলে কর রেয়াতের সুযোগ দেওয়ার প্রস্তাব করেন। শিল্পায়নের ধারা বেগবান করতে রপ্তানিমুখী শিল্পপণ্য উৎপাদন বাড়াতে ও রপ্তানি বহুমুখীকরণ উৎসাহিত করতে শিল্পপণ্য উৎপাদনে সব ধরনের প্রকার কাঁচামাল ও যন্ত্রাংশের ওপর অগ্রিম কর প্রত্যাহারের প্রস্তাব করেন। পাশাপাশি তৈরি পোশাক খাতের ডিজাইন এবং ডামি সেন্টার, স্যাম্পল, ইটিপি, জ্বালানি দক্ষতা এবং পরিবেশবান্ধব পণ্য ও সেবার ওপর ভ্যাট অব্যাহতির প্রস্তাব দেন।

এছাড়া এসএমই উদ্যোক্তাদের জন্য বার্ষিক টার্নওভারের সীমা তিন কোটি টাকা থেকে বাড়িয়ে চার কোটি টাকা নির্ধারণের প্রস্তাব দিয়েছে ডিসিসিআই। পণ্যের মূল্য সংযোজন বা মুনাফা অনুপাতে চার শতাংশ ভ্যাট আরোপের প্রস্তাব করা হয়। বিদ্যুতের সঞ্চালন ও বিতরণের আওতা এবং মান বৃদ্ধি করতে সঞ্চালন ও বিতরণে বেসরকারি খাতের অংশগ্রহণের সুযোগ দেওয়া এবং বিদ্যুৎ খাতের আমদানি বিকল্প ব্যাকওয়ার্ড লিংকেজ শিল্পগুলোকে উৎসাহিত করতে বেসরকারি খাতকে সাবস্টেশন যন্ত্রপাতি এবং অন্যান্য অ্যাকসেসরিজ উৎপাদনে কর অবকাশ সুবিধা দেওয়ার প্রস্তাব দিয়েছে সংগঠনটি।

একই সঙ্গে বিশ্বব্যাপী ছড়িয়ে পড়া করোনাভাইরাসের কারণে উদ্ভূত পরিস্থিতিকে বিবেচনায় নিয়ে জাতীয় রাজস্ব বোর্ডকে এ বছরের বাজেট প্রণয়নের আহ্বান জানানো হয়, যাতে সরকার, জনগণ এবং বেসরকারি খাত এ অবস্থা উত্তরণে সহায়ক নীতিমালা ও রাজস্ব ব্যবস্থাপনার সুফল পেতে পারে।